

বসন্ত এসে গেছে লিরিক্স:-

বাতাসে বহিছে প্রেম, নয়নে লাগিলো নেশা
কারা যে ডাকিলো পিছে, বসন্ত এসে গেছে
মধুর অমৃতবানী বেলা গেল সহজেই
মরমে উঠিল বাজি বসন্ত এসে গেছে
থাক তব ভুবনের ধুলি মাথা চরনে
মাথা নত করে রব ..
বসন্ত এসে গেছে, বসন্ত এসে গেছে।

গগনের নভোনীলে মনেরও গোপনে
বাজে ঐ, বাজে ঐ, বাজে ঐ
পলাশেরও নেশা মাখি চলেছি দুজনে
বাসনার রঙে মিশি শ্যামলে স্বপনে
কুহু কুহু শোনা যায়,
কোকিলের কুহু তান ..
বসন্ত এসে গেছে, বসন্ত এসে গেছে।

পূর্ণিমা রাতে ঐ ছোট্টাছুটি করে কারা
দখিনা পবনে দোলে বসন্ত এসে গেছে
কেমনে গাঁথিব মালা কেমনে বাজিবে বেনু
আবেগে কাঁপিছে আঁখি বসন্ত এসে গেছে।
থাক তব ভুবনের ধুলি মাথা চরনে
মাথা নত করে রব ..
বসন্ত এসে গেছে, বসন্ত এসে গেছে,
বসন্ত এসে গেছে, বসন্ত এসে গেছে।

এই বসন্তে অনেক জন্ম আগে
তোমায় প্রথম দেখেছিলেম আমি
হেঁটেছিলেম নিরুদ্দেশের পানে
সেই বসন্ত এখন ভীষণ দামি
আমার কাছে, তোমার কাছে,
আমার কাছে, বসন্ত এসে গেছে।

থাক তব ভুবনের ধুলি মাথা চরনে
মাথা নত করে রব..
বসন্ত এসে গেছে, বসন্ত এসে গেছে,
বসন্ত এসে গেছে, বসন্ত এসে গেছে ।